


ঝুঁটি

বদলগাছীতে বঙ্গবন্ধুর জন্মদিনে শিক্ষকদের বনভোজন

প্রকাশ : ২৫ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



নওগাঁর বদলগাছীতে চাকলা ডারিশন শহিদগ়া দাখিল মাদ্রাসায় বঙ্গবন্ধুর জন্মদিন ও শিশু দিবস পালন করা হয়নি। ওই শিক্ষাপ্রতিষ্ঠান তিনিদের ছুটি দিয়ে সুপারসহ ৮ শিক্ষকের বিরুদ্ধে বনভোজনে যাওয়ার অভিযোগ উঠেছে। জানা যায়, মাদ্রাসার সুপার আবদুল হাসনসহ আটজন শিক্ষক ১৫ মার্চ বিকেলে কম্বলবাজারে বনভোজনের উদ্দেশ্যে রওয়ানা দেন। ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবসে সুপারসহ আট শিক্ষক মাদ্রাসায় অনুপস্থিত ছিলেন। তাদের বনভোজন উপলক্ষে নিয়মবহিভূতভাবে ১৮ মার্চ থেকে ২০ মার্চ পর্যন্ত মাদ্রাসাটিতে সংরক্ষিত ছুটি ঘোষণা করা হয়। ছুটি শেষে ২১ মার্চ মাদ্রাসাটি খোলা থাকলেও তারা অনুপস্থিত ছিলেন। নিজেদের স্বার্থে সংরক্ষিত ছুটি ঘোষণা ও বঙ্গবন্ধুর জন্মদিন পালন না করে বনভোজনে যাওয়ায় এলকাবাসীর মধ্যে চরম ক্ষেত্রে সৃষ্টি হয়েছে। পাহাড়পুর ইউনিয়ন মুক্তিযোদ্ধা কম্বলবাজার সামসূল আলম বলেন, একটি প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জন্মদিন পালন না করায় একজন মুক্তিযোদ্ধা হিসেবে কোনোভাবেই এটা মেনে নিতে পারি না। মুক্তিযোদ্ধাদের পক্ষ থেকে এর তীব্র নিন্দা জ্ঞাপন করছি। এ বিষয়ে মাদ্রাসার সুপার আবদুল হাসনের মোবাইল ফোনটি বন্ধ থাকায় মন্তব্য পাওয়া সম্ভব হয়নি। মাদ্রাসার সভাপতি মিজানুর রহমান কিশোর বলেন, সুপার ছুটির কথা বলেছিল। তা মঞ্জুর করা হয়েছে। তবে বঙ্গবন্ধুর জন্মদিন ও ছুটি পরবর্তী বুধবার শিক্ষকরা অনুপস্থিত ছিলেন। বদলগাছী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ওয়াশিউর রহমান বলেন, মাদ্রাসাটির সুপার মৌখিকভাবে আমাকে দু'দিনের সংরক্ষিত ছুটির কথা বলেছেন। কিন্তু কেন ছুটি তা বলেনি। এ বিষয়ে কোনো লিখিত আবেদন পাইনি। প্রতিষ্ঠানের স্বার্থ ছাড়া সংরক্ষিত ছুটি হয় না। ব্যক্তিগত বনভোজনের কারণে প্রতিষ্ঠান ছুটি দিলে সেটা অবশ্যই অপরাধ। খোঁজ নিয়ে অভিযোগের সত্যতা পেলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য জানানো হবে।

তারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যন্মুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।